



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ১ম সভা

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর -এর ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে অদ্য ২৭-০৯-২০২১ খ্রি. তারিখ সকাল ১০:০০ টায় বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। সভায় বোর্ডের সচিব এবং সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক প্রফেসর এ এম এইচ আলী আর রেজা সভাপতিত্ব করেন। সভায় বোর্ডের নিম্নবর্ণিত কর্মচারীগণ উপস্থিত ছিলেন-

- ১। প্রফেসর মাধব চন্দ্র রুদ্র, পরীক্ষা নিয়ন্ত্রক
- ২। জনাব কে এ এম রক্বানী, কলেজ পরিদর্শক
- ৩। ড. বিশ্বাস শাহিন আহম্মদ, বিদ্যালয় পরিদর্শক
- ৪। জনাব মোঃ এমদাদুল হক, উপ-পরিচালক (হিওনি)
- ৫। জনাব মোঃ জাহাঙ্গীর কবীর, সিনিয়র সিস্টেম এনালিস্ট
- ৬। জনাব মোঃ আব্দুস সালাম আজাদ, অডিট অফিসার ও ফোকাল পয়েন্ট (এপিএ ও জাতীয় শুদ্ধাচার কৌশল)
- ৭। জনাব মোহাম্মদ জাকির হোসেন, প্রোগ্রামার ও ফোকাল পয়েন্ট (ই-গভর্নেন্স ও উদ্ভাবনী পরিকল্পনা)
- ৮। জনাব মোহাম্মদ মোজাম্মেল হক চৌধুরী, সহকারী প্রোগ্রামার ও বিকল্প ফোকাল পয়েন্ট (এপিএ ও জাতীয় শুদ্ধাচার কৌশল)

আলোচ্যসূচি : ০১

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর -এর ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে এ বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজিনস চার্টার) প্রতি তিন মাস অন্তর হালনাগাদ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

সিদ্ধান্ত : ০১

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর -এর ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে এ বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজিনস চার্টার) প্রতি তিন মাস অন্তর হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বোর্ডের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজিনস চার্টার) হালনাগাদ করার লক্ষ্যে প্রত্যেক বিভাগীয় প্রধান সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজিনস চার্টার) এর নির্ধারিত ফরম মোতাবেক স্ব-স্ব দপ্তরের সেবাসমূহ উল্লেখপূর্বক সফটকপিসহ আগামী ৩০-১০-২০২১ খ্রি. তারিখের মধ্যে বোর্ডের সচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজিনস চার্টার) মহোদয়ের নিকট জমা দিবেন।

আলোচ্যসূচি : ০২

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর -এর সেবাসমূহ সর্ব সাধারণের অবহিত করার জন্য বোর্ডের প্রধান ফটকে প্রদর্শনের ব্যবস্থাকরণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

সিদ্ধান্ত : ০২


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর -এর সেবাসমূহ সর্ব সাধারণের অবহিত করার জন্য আগামী ৩১-১২-২০২১ খ্রি. তারিখের মধ্যে বোর্ডের প্রধান ফটকে প্রদর্শনের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি : ০৩

সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

সিদ্ধান্ত : ০৩

সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণের ১ম সভাটি যশোর জেলার চৌগাছা উপজেলার সরকারি চৌগাছা শাহাদৎ পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।



(প্রফেসর এ এম এইচ আলী আর রেজা)

আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

ও

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০৪২১-৬৮৬৪৪